

কাঁচের দেয়াল

পাশাপাশি দুটি নদী, মাঝ বরাবর
তুলে দিলে স্বচ্ছ এক কাঁচের দেয়াল।
ফলে, দুটি প্রাণবন্ত প্রবহমানতা
একে দেখে অপরকে, আর
হাতছানি দেয় বারবার।

কাঁচের দেওয়াল জাগে
পাশাপাশি দু-নদীর মাঝ বরাবর।
দূরে ডাকে উতলা সাগর।

দিলীপকুমার কোনার

